

বাংলাদেশ পর্যটন করপোরেশন  
প্রশাসন শাখা  
পর্যটন ভবন, প্লট: ই-৫ সি/১, পশ্চিম আগারগাঁও  
শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা - ১২০৭।

২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত বাপক-এর নৈতিকতা কমিটি'র ৩য় কোয়ার্টারের  
(জানুয়ারি-মার্চ, ২০২১) সভার কার্যবিবরণী

সভাপতি	মো: হান্নান মিয়া চেয়ারম্যান
সভার তারিখ	১৬-০৩-২০২১ খ্রিস্টাব্দ
সভার সময়	বেলা ০২:৩০ ঘটিকা
স্থান	'ঐকতান' সভা কক্ষ, প্রধান কার্যালয়, বাপক, ঢাকা
উপস্থিতি	পরিশিষ্ট "ক"


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীর শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নির্ধারিত সূচকসমূহ এবং গত ২৩-১২-২০২০ তারিখে অনুষ্ঠিত ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত বাপক-এর নৈতিকতা কমিটি'র ২য় কোয়ার্টারের সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ক্রমানুযায়ী পর্যালোচনার সূত্রপাত করেন।

২.০। কার্যপত্রের উপর ধারাবাহিক আলোচনা ও সর্বসম্মতভাবে গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

ক্রম	কার্যক্রম	বাস্তবায়নকারী
৩.১	মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী বাপক-এর ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো'র ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পাশাপাশি ৩য় কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। এপ্রিল ২০২১ মাসের ১ম সপ্তাহে ৩য় কোয়ার্টারের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	প্রশাসন শাখা
৩.২	নথির শ্রেণী বিন্যাস ও বিনষ্টকরণ সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণী বিন্যাসকরণ ও শ্রেণীবিন্যাসকৃত নথি বিনষ্টকরণের নিমিত্ত গঠিত কমিটি স্বল্পতম সময়ের মধ্যে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবে।	সংশ্লিষ্ট কমিটি
৩.৩	প্রাতিষ্ঠানিক ব্যবস্থা বাপক-এর 'নৈতিকতা কমিটি'র সভা নিয়মিত আয়োজন করতে হবে। এ লক্ষ্যে ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল - জুন, ২০২১) জুন ২০২১ মাসের ২য় সপ্তাহে সম্পন্ন করতে হবে।	নৈতিকতা কমিটি / সংশ্লিষ্ট সকল কর্মকর্তা
৩.৪	দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholder) অংশগ্রহণে সভা শীর্ষক কর্মসম্পাদন সূচক অনুযায়ী নির্ধারিত সভা অনুষ্ঠিত হয়েছে। পরিকল্পনা শাখা কর্তৃক সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য নিয়মিতভাবে চাকরি ও সুশাসন সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের প্রক্রিয়া চলমান রয়েছে।	পরিকল্পনা শাখা

৩.৫	ওয়েবসাইটে সেবা বন্ধ হালনাগাদকরণ সংস্থার ওয়েবসাইটে সকল তথ্য ও সেবা বন্ধসমূহ নিয়মিত ও যথাসময়ে হালনাগাদ করতে হবে - কোন তথ্য যাতে বিচ্যুত না হয় সে বিষয়ে সতর্ক থাকতে হবে।	আইসিটি শাখা / প্রশাসন শাখা
৩.৬	সুশাসন প্রতিষ্ঠা উত্তম চর্চার তালিকা প্রণয়ন করা হয়েছে এবং মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বাপক-এর নবনির্মিত প্রধান কার্যালয় 'পর্যটন ভবন'-এ বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-এর মাধ্যমে অগ্নি নির্বাপন প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	পরিকল্পনা শাখা / পূর্ত শাখা
৩.৭	প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার চলতি অর্থবছরের (২০২০-২১) সংশোধিত ক্রয় পরিকল্পনা চূড়ান্ত করতে হবে এবং সে অনুযায়ী কেন্দ্রীয় স্টোর বরাবর মালামালের চাহিদা পত্র প্রেরণ করতে হবে।	পরিকল্পনা শাখা / কেন্দ্রীয় স্টোর শাখা
৩.৮	স্বচ্ছতা ও জবাবদিহি শক্তিশালীকরণ প্রশাসনিক মন্ত্রণালয়-এর নির্দেশনা অনুযায়ী বাপক-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) সংশোধনপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এছাড়া হালনাগাদের বিষয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।	সংশ্লিষ্ট কমিটি / সাধারণ সেবা শাখা
৩.৯	শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান বাপক-এর নম্বর: ৩০.৩২.০০০০.০২১.০৬.০০১.২০.১৪/১(৯), তারিখ: ০৫-০১-২০২০-এর মাধ্যমে 'শুদ্ধাচার পুরস্কার ২০১৯-২০' প্রদানের লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হয়: ১। পরিচালক (বাণিজ্যিক) - আহ্বায়ক; ২। মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ) - সদস্য; ৩। মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) - সদস্য; ৪। মহাব্যবস্থাপক (পরিকল্পনা) - সদস্য; ৫। ব্যবস্থাপক (প্রশাসন) - সদস্য সচিব। চলতি অর্থবছরের (২০২০-২১) নির্ধারিত ০৩ (তিন)টি পুরস্কার প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট কমিটি

৪.০১ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
মোঃ হানান মিয়া  
চেয়ারম্যান

১৫ চৈত্র ১৪২৭

তারিখ: -----

১৯ মার্চ ২০২১

স্মারক নম্বর: ০০.০৩২.০১৮.২০.০১.০৭২.২০২০(৭)/৪১০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) পরিচালক ----- (সকল), বাপক, ঢাকা।
- ২) মহাব্যবস্থাপক ----- (সকল), বাপক, ঢাকা।
- ৩) ভারপ্রাপ্ত অধ্যক্ষ, বাপক, ঢাকা।
- ৪) ব্যবস্থাপক/ইউনিট ব্যবস্থাপক/বিভাগীয় প্রধান ----- (সকল), বাপক, ঢাকা।
- ৫) চেয়ারম্যান-এর একান্ত সচিব, বাপক, ঢাকা- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।



মোহাম্মদ মাহফুজুর রহমান  
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)